

সুখবর

SUKHABAR ● 1 JANUARY 2023 ● Sunday ● কলকাতা ● ১৬ পৌষ ১৪২৯ ● রবিবার ● ১ জানুয়ারি ২০২৩

সাহিত্য আকাদেমি পেলেন তপন বন্দ্যোপাধ্যায়

সুখবর ব্যুরো, কলকাতা : বাংলা সাহিত্যে সাহিত্যিক তপন বন্দ্যোপাধ্যায় তাঁর 'বীরবল' উপন্যাসের জন্য এ বছর সাহিত্য আকাদেমি পুরস্কার পেলেন। যেসব কিংকর্তাদের সুপারিশে তাঁকে এই সম্মান জানানো হল তাঁরা হলেন— গৌতম ঘোষদস্তিদার, সমরেশ মজুমদার ও হিমলস্র বন্দ্যোপাধ্যায়। এদিনই সান্তাডু ভাষায় অলটিকি হরফে লেখা 'সবরনাকা বালিরে সোনাএঃ পাজায়' বইয়ের জন্য আকাদেমি পুরস্কার পেলেন বাঁকুড়ার খাতড়ার বাসিন্দা জগন্নাথ সোরেন ওরফে কাজলি সোরেন।

তপন বন্দ্যোপাধ্যায় ১৯৪৭ সালে পূর্ববঙ্গের সাতক্ষীরা মহকুমার কলারোয়া গ্রামে জন্মান। ওমাস বয়সে পরিবার উদ্বাস্ত হতে বাসিন্দা হতে চলে আসেন।

সান্তাডু ভাষায় বাঁকুড়ার জগন্নাথ সোরেন

গত ৪ দশকের সাহিত্য জীবনে এখনো পর্যন্ত তিনি বড়োদের ও ছোটোদের মিলিয়ে ৬০টির বেশি উপন্যাস, প্রায় ৫০টি গ্রন্থিত রহস্য উপন্যাস, ৪০০'র বেশি ছোটো গল্প ও কবিতার ৯টি বই লিখেছেন। তাঁর লেখা ও খণ্ডে প্রকাশিত 'নদী মাটি অরণ্য' উপন্যাসের জন্য তিনি রাজ্য সরকারের বঙ্কিম পুরস্কার পেয়েছেন। মঞ্চলবনীর সেরেএঃ চলচ্চিত্রের জন্য শ্রেষ্ঠ কাহিনিকার হিসাবে তিনি পেয়েছেন বিএফজেএ পুরস্কার। অন্যান্য পুরস্কারের মধ্যে পেয়েছেন সাহিত্য সেতু পুরস্কার (১৯৯৩), সোপান পুরস্কার (১৯৯৫), অমৃতলোক পুরস্কার (১৯৯৭), সাংস্কৃতিক খবর সম্মান (২০০১), মঞ্জু দাশগুপ্ত স্মৃতি পুরস্কার

(২০০৩), প্যাঙ্কজন্য পুরস্কার (২০০৩), প্রতিমা মিত্র স্মৃতি পুরস্কার (২০০৫), ভারতচন্দ্র রায়গুণাকার পুরস্কার (২০০৫), কুন্ডিবাস সাহিত্য পুরস্কার (২০০৫), নিত্যানন্দ স্মৃতি পুরস্কার (২০০৫), শৈলজানন্দ স্মৃতি পুরস্কার (২০০৫), রূপসী বাংলা পুরস্কার, ত্রিবৃত্ত পুরস্কার ও চোখ সাহিত্য পুরস্কার (২০০৯), শিলচরের বিরলাপ স্মারক (২০১০), তারাশঙ্কর পুরস্কার (২০১১), মহাদিগন্ত পুরস্কার (২০১২), সারঙ্গ ও প্ররেনাটা সম্মানন ও নিখিল ভারত বঙ্গ সাহিত্য সম্মেলনের বেহালা শাখার সম্মাননা (২০১৫)। এছাড়াও কিশোরসাহিত্যের জন্য পেয়েছেন দীনেশচন্দ্র স্মৃতি পুরস্কার (২০১১)।



■ তপন বন্দ্যোপাধ্যায় — ফাইল চিত্র
তাঁর বিখ্যাত সব রচনার মধ্যে উল্লেখযোগ্য গোয়েন্দা গার্গীর একাধিক কাহিনি, মালব কৌশিক, জাদুকরী, মঞ্চলবনীর সেরেএঃ সমগ্র শঙ্খচিল, অক্ষরের সঙ্গে একটা জীবন, গর্জন সত্তর, ডানার দুপাশে পৃথিবী, টাঁড় বাংলার রূপাখ্যান প্রভৃতি।